



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ২০ জানুয়ারী, ২০২০

প্রেসবিজ্ঞপ্তি

আজ ২০ জানুয়ারী, ২০২০ তারিখ দুপুর ১২ টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এ শাহপরান হলের মানসম্পন্ন ডাইনিং এর শুভ উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

সংক্ষিপ্ত বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, বিশ্ববিদ্যালয়ের সকল ক্ষেত্রে সার্বিক মান উন্নয়নের জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসন নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় আজকে ডাইনিং রুচিসম্মত ভাবে সজ্জিত করে উদ্বোধন করা হলো। ইতোমধ্যে বিশ্ববিদ্যালয়ের ক্যাফেটেরিয়া নতুন ভাবে চালু করা হয়েছে। এর সুফল বিশ্ববিদ্যালয় পরিবারের সকলে পাচ্ছে। বিশ্ববিদ্যালয়কে বিশ্বমানের করে গড়ে তুলতে বিশ্ববিদ্যালয় প্রশাসনের কর্ম তৎপরতা অব্যাহত থাকবে।

এ সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো: আনোয়ারুল ইসলাম, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো: রাশেদ তালুকদার, শাহপরান হলের প্রভোস্ট প্রফেসর ড. মোহাম্মদ মিজানুর রহমান খাঁন, প্রধান প্রকৌশলী জনাব সৈয়দ হাবিবুর রহমান সহ শাহপরান হলের সহকারী প্রভোস্ট ও বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টরবৃন্দ।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার